

বিশ্ববিদ্যালয় অনুষদের আওতা বাড়াতে হবে ----- প্রেসিডেন্ট

বাসস ॥ প্রেসিডেন্ট অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরী গুরুত্বের সাথে মানসম্মত শিক্ষা নিশ্চিত ও নৈতিক শিক্ষাসহ বিশ্ববিদ্যালয় অনুষদের আওতা সম্প্রসারণের জন্য বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, শিক্ষাদানের বিষয় কেবল বাজারমুখী জনশক্তি গড়ে তোলার মধ্যে সীমাবদ্ধ রাখলে বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলো আমাদের চূড়ান্ত লক্ষ্য অর্জনের জন্য কাজ করতে পারবে না। প্রেসিডেন্ট চৌধুরী আরো বলেন, বিশ্ববিদ্যালয়গুলোকে কোন বাজার নয় বরং সামাজিক চাহিদা পূরণের উদ্দেশ্যে তাদের অনুষদগুলোর আওতা বাড়াতে হবে। তিনি গত শনিবার সকালে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশের (আইইউবি) ষষ্ঠ সমাবর্তন (৫ম পৃঃ ৫-এর কঃ ৫ঃ)

প্রেসিডেন্ট

(৩য় পৃঃ পর)

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। শিক্ষামন্ত্রী ডঃ এ. এ. ওসমান ফারুক বিশেষ অতিথি হিসাবে অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। সমাবর্তন অনুষ্ঠানে ১৩৩ জন আভার গ্রাজুয়েট ও ২৭ জন গ্রাজুয়েটসহ মোট ১৬০ জনকে ডিগ্রী প্রদান করা হয়। ১৯৯৩ সালে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার পর এ পর্যন্ত ৬১২ জন ছাত্র-ছাত্রী গ্রাজুয়েট হয়েছে। আইইউবি ডাইন চ্যান্সেলর অধ্যাপক বজলুল মবিন চৌধুরী, ট্রেজারার এ, হাফিজ চৌধুরী, সৈয়দ আলমাস কবীর ও রুহুল আমিন সমাবর্তন অনুষ্ঠানে বক্তৃতা করেন।